

## বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।  
www.bb.org.bd

এফই সার্কুলার নং- ২১

তারিখঃ ২৮ মে, ২০১৪

বাংলাদেশে বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত  
সকল অনুমোদিত ডিলার

প্রিয় মহোদয়গণ,

বিদেশ গমনেচ্ছু শিক্ষার্থীদের অনুকূলে ভ্রমণ কোটার বিপরীতে বৈদেশিক মুদ্রা ছাড়করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে এফই সার্কুলার নং ২৪, তারিখঃ নভেম্বর ২৪, ২০১০ এর প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলার অনুযায়ী অনুমোদিত ডিলার ব্যাংক বৈধ চাকুরী বা অভিবাসন সূত্রে একমুখী টিকেটে বিদেশ গমনের সময় নিবাসী বাংলাদেশী নাগরিকদের অনুকূলে অব্যবহৃত বার্ষিক ভ্রমণ কোটা হতে বৈদেশিক মুদ্রা ছাড় করতে পারে।

০২। গাইডলাইন ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশান্স, ২০০৯ (খন্ড-১), অধ্যায় ১১ এর অনুচ্ছেদ ১০ এ উল্লিখিত অনুমোদিত কোর্সে অধ্যয়নের নিমিত্তে বিদেশ গমনেচ্ছু বাংলাদেশী শিক্ষার্থীদের অনুকূলে একমুখী টিকেটের বিপরীতে বৈদেশিক মুদ্রায় বার্ষিক ভ্রমণ কোটার অব্যবহৃত অংকের সম্পূর্ণটাই অনুমোদিত ডিলার ব্যাংক এখন থেকে ছাড় করতে পারবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তবে সংশ্লিষ্ট ক্ষেত্রে উল্লিখিত গাইডলাইন এর অধ্যায় ১১ এর অনুচ্ছেদ নং ১০(বি)(এ) এ উল্লিখিত ট্রানজিট ব্যয় নির্বাহের জন্য আলাদাভাবে কোন বৈদেশিক মুদ্রা ছাড় করা যাবে না। এতদসূত্রে, উল্লিখিত গাইডলাইন এর অধ্যায় ১১, অনুচ্ছেদ নং ১০(বি)(এ) এর নির্দেশনা এবং এর সংশোধনী হিসেবে জারীকৃত এফই সার্কুলার নং-২০, তারিখঃ ০৫ মে, ২০১৪ এর সংশ্লিষ্ট নির্দেশনাবলী বাতিল বলে গণ্য হবে।

০৩। বিদেশ ভ্রমণের উদ্দেশ্যে বৈদেশিক মুদ্রা ছাড়করণ সংশ্লিষ্ট অন্যান্য নির্দেশনাবলী যথারীতি অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক অবিলম্বে কার্যকর হতে যাওয়া উপরোল্লিখিত নির্দেশনাবলী সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-

(জগন্নাথ চন্দ্র ঘোষ)  
উপ-মহাব্যবস্থাপক  
ফোনঃ ৯৫৩০০৯২